# প্রধানমন্ত্রীর রাজনৈতিক উপদেষ্টা হিসেবে নিয়োগ পেলেন মির্জা আব্বাস



মির্জা আব্বাস। ছবি: সংগৃহীত

প্রধানমন্ত্রী তারেক রহমানের সরকারে মন্ত্রী ও প্রতিমন্ত্রী পদে নিয়োগ পাওয়া আটজন উপদেষ্টার দায়িত্ব নির্ধারণ করা হয়েছে।

মন্ত্রিপরিষদ বিভাগের প্রজ্ঞাপনের মাধ্যমে শুক্রবার (২০ ফেব্রুয়ারি) এই বণ্টন প্রকাশিত হয়। এর আগে গত মঙ্গলবার মোট ১০ জন উপদেষ্টার নিয়োগ ঘোষণা করা হয়েছিল।

মন্ত্রী পদমর্যাদার মধ্যে মির্জা আব্বাস উদ্দিন আহমেদ, নজরুল ইসলাম খান ও রুহুল কবীর রিজভী আহমেদকে রাজনৈতিক উপদেষ্টা হিসেবে দায়িত্ব দেওয়া হয়েছে। মো. ইসমাইল জবিউল্লাহ পাবেন জনপ্রশাসন মন্ত্রণালয়ের, আর রাশেদ আল মাহমুদ তিতুমীর অর্থ মন্ত্রণালয়ের দায়িত্ব।

প্রতিমন্ত্রী পদমর্যাদার মধ্যে ব্রিগেডিয়ার জেনারেল (অব.) শামসুল ইসলাম দায়িত্ব নেবেন প্রতিরক্ষা মন্ত্রণালয়ে। মাহদী আমিনকে দেওয়া হয়েছে শিক্ষা, প্রাথমিক ও গণশিক্ষা, প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান এবং শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়ের দায়িত্ব। রেহান আসিফ আসাদ থাকবেন ডাক, টেলিযোগাযোগ ও তথ্যপ্রযুক্তি এবং বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয়ে।

এই নতুন বণ্টনের মাধ্যমে মন্ত্রণালয়গুলোর নীতি নির্ধারণ ও প্রশাসনিক কার্যক্রম আরও গতিশীল হওয়া আশা করা হচ্ছে।

LENS ASIA